দৈনিক বাংলা

তারিখ 03 SEP 1992
পৃষ্ঠা ১ কলাম ৪

145

# তোলারাম কলেজে ছাত্র–পুলিশ সংঘর্ষ ঃ বাস ভাংচুর

নিজস্ব সংবাদদাতা ঃ নারায়ণগঞ্জ, ২ সেপ্টেম্বর।–আজ সরকারী তোলারাম কলেজে পুলিশের সঙ্গে ছাত্রদের সংঘর্ষ হয়। আগের রাতে কলেজের তালাবদ্ধ একটি কক্ষ থেকে ৩২টি পেট্রোলবোমা উদ্ধারের ব্যাপারে আজ কলেজে তদন্ত চালাতে গেলে পুলিশের উপর ছাত্ররা ইট–পাটকেল ছোড়ে। পুলিশ ছাত্রদের উপর লাঠিচার্জ করে। এতে

(আটের পাতায় ৪-এর কঃ দ্রঃ)

## তোলারাম কলেজে

(প্রথম পৃষ্ঠার পর)

৭ জন ছাত্র আহত হয় বলে ছাত্রনেতারা অভিযোগ করেছেন। বিক্ষুব্ধ ছাত্ররা এ সময় রাস্তায় ৪/৫টি বাস–মিনিবাস ভাংচুর করে। পুলিশ রাস্তায় গাড়ি ভাংচুরের ঘটনার কথা স্বীকার করে। তবে ছাত্রদের সঙ্গে সংঘর্ষের কথা স্বীকার করেনি।

### ব্রীফকেস ছিনতাই

আজ দুপুরে শহরের গ্রীন্ডলেজ ব্যাংকের মোড়ে একজন ব্যবসায়ীর কপালে রিভলবারের বাট দিয়ে আঘাত করে তার কাছ থেকে একটি ব্রীফকেস ছিনতাই করা হয়।

আহত ব্যবসায়ী দিলীপ কুমার সাহা জানান যে, বাস থেকে নামার সময় হঠাৎ একটি ককটেল বিস্ফোরিত হয় তার সামনে। এ সময় এক যুবক তার হাত থেকে ব্রীফকেস ছিনিয়ে নেয়ার চেষ্টা করলে তিনি বাধা দেন। যুবকটি তার কপালে রিভলবারের বাট দিয়ে আঘাত করে ব্রীফকেস ছিনিয়ে নেয়। অতঃপর ৩ জন যুবক একটি মটর সাইকেলে করে চলে যায়।

প্রত্যক্ষদর্শীরা জানান, রিভলবারের বাট দিয়ে ব্যবসায়ীর কপালে আঘাত করার সময় রিভলবারের চেম্বার থেকে বুলেট পড়ে যায়। এ সময় ঘটনাস্থল থেকে ১৫/২০ গজ দূরে ২ জন পুলিশ দাঁড়িয়েছিল।

পুলিশ জানিয়েছে যে তারা ঘটনাস্থল থেকে পয়েন্ট ২২৪ রাইফেলের ৩টি বুলেট উদ্ধার করেছে।